দৈনিক বাংলা

তারিখ ... ২৪/৭/৭৪ ...
পৃষ্ঠা ... ১২ কলাম ... ৩ ...



# নির্দিষ্ট সময়ের পরে উদ্ভিদ বিজ্ঞানের পরীক্ষা অনুষ্ঠিত

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিজ্ঞান ২য় পত্রের সাবসিডিয়ারী পরীক্ষার্থীরা পরীক্ষা শুরু হবার পর পরই হল ছেড়ে বেরিয়ে যান। কর্তৃপক্ষের সঙ্গে আলাপ আলোচনার পর গতকালই দুপুর একটায় ২য় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে বেশ কিছু-সংখ্যক ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিতে পারেননি।

বেলা দশটায় পরীক্ষার প্রশ্নপত্র বিলি করার পর ছাত্রছাত্রীরা 'ক্রিটিকাল' প্রশ্ন করায় প্রতিবাদে হল ত্যাগ করেন। এ সময় বেশ কিছু-সংখ্যক পরীক্ষার্থী স্ব স্ব হল ও বাসায় ফিরে যান।

পরীক্ষায় গোলযোগের খবর পেয়ে প্রোভাইস চ্যান্সেলর প্রফেসর মাফরুল্লাহ কবির এবং পরীক্ষাসমূহের কন্ট্রোলার জনাব এম, এম খান পরীক্ষার হলে যান। সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের সঙ্গে আলাপ আলোচনার পর দুপুর একটায় পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কিন্তু যারা বাড়ি ফিরে গেছেন তারা এ খবর জানতেন না।

উপাচার্য প্রফেসর ফজলুল হালিম চৌধুরী জানিয়েছেন, কোন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিতে পারেনি বলে কোন অভিযোগ আমার কাছে আসেনি।

**পরীক্ষার সময় পরিবর্তিত**

এদিকে আজ বৃহস্পতিবার বেলা দশটায় উদ্ভিদ বিজ্ঞান বিভাগের ৩য় পত্রের যে পরীক্ষা হবার কথা ছিল তা দুপুর দুটোয় অনুষ্ঠিত হবে। এ খবর ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রেস বিজ্ঞপ্তির।